



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১৭ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

মিয়ানমার থেকে আগত আহত ও রোগাক্রান্ত রোহিঙ্গা শরণার্থীদের চিকিৎসা সেবা দিতে উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবিরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের চিকিৎসক টিম প্রেরণ

সম্প্রতি মিয়ানমার থেকে আগত আহত ও রোগাক্রান্ত রোহিঙ্গা শরণার্থীদের চিকিৎসা সেবা দিতে উখিয়ার কুতুপালং রোহিঙ্গা শরণার্থী শিবিরে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর নির্দেশে ঔষধপত্র, চিকিৎসা সরঞ্জাম সহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরীর নেতৃত্বে ৬ জন বিশেষজ্ঞ ডাক্তার, প্যারামেডিক সহ ১২ সদস্যের একটি টিম ১৮ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. সোমবার, সকালে কক্সবাজারের উখিয়ার উদ্দেশ্যে রওনা দেবে।

চট্টগ্রাম- ১৭ সেপ্টেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রামস্থ রাশিয়ার কনসুল জেনারেল মান্যবর ওলেগ পি বয়কো (Mr. Oleg P. Boyko), কে বিদায়ী সংবর্ধনা দিল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন

বাংলাদেশের অকৃত্রিম বন্ধু রাশিয়া। ১৯৭১ সনে বাংলাদেশের মহান স্বাধীনতা যুদ্ধ থেকে রাশিয়া বাংলাদেশের মানুষের কাছে চিরস্মরণীয় রাষ্ট্র। স্বাধীনতার পর দেশ পূর্নগঠন এবং বন্দর সচল করার ক্ষেত্রে বন্ধু প্রতীম রাশিয়ার ভূমিকা বাংলাদেশ চির স্মরণীয় করে রেখেছে। ১৭ সেপ্টেম্বর ২০১৭ খ্রি. দুপুরে আন্দরকিল্লাস্থ নজির আহমদ সড়কস্থ মেয়রের বাসভবনে চট্টগ্রামস্থ রাশিয়ার কনসুল জেনারেল মান্যবর ওলেগ পি বয়কো (Mr. Oleg P. Boyko), কে বিদায়ী সংবর্ধনা দিল চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এতে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ড. মুহাম্মদ মুস্তাফিজুর রহমান। অনুষ্ঠানে রাশিয়ান দূতাবাসের কর্মকর্তা ছাড়াও উপস্থিত ছিলেন স্থপতি আশিক ইমরান, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস নাজিয়া শিরিন, মেয়রের একান্ত সচিব মো. মঞ্জুরুল ইসলাম, নির্বাহী ম্যাজিস্ট্রেট মিসেস সনজিদা শরমিন, স্পেশাল ম্যাজিস্ট্রেট মিসেস জাহানার ফেরদৌস, ভারপ্রাপ্ত প্রধান প্রকৌশলী মো. রফিকুল ইসলাম, প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আকতার চৌধুরী, প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা শেখ শফিকুল মল্লান সিদ্দিকী, স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী, জনসংযোগ কর্মকর্তা মো. আবদুর রহিম সহ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের বিভাগীয় প্রধানগণ উপস্থিত ছিলেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বিদায়ী রাশিয়ার কনসুল জেনারেল মান্যবর ওলেগ পি বয়কো (Mr. Oleg P. Boyko), কে ফুল, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মনোগ্রাম খচিত ক্রেস্ট ও উপহার সামগ্রী দিয়ে বিদায় জানান। বিদায়ী রাশিয়ার কনসুল জেনারেল মান্যবর ওলেগ পি বয়কো (Mr. Oleg P. Boyko), রাশিয়ার কিছু উপহার সামগ্রী মেয়রকে প্রদান করেন। অনুষ্ঠানে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, রাশিয়া বাংলাদেশের অকৃত্রিম বন্ধু। মহান মুক্তিযুদ্ধ থেকে আজোবধি রাশিয়া বাংলাদেশের মানুষের পাশে আছে। তিনি বলেন, বন্ধুপ্রতিম দেশ হিসেবে রাশিয়ার সাথে ব্যবসা-বাণিজ্য, শিক্ষা-চিকিৎসা সহ নানা বিষয়ে পারস্পরিক গভীর সম্পর্ক বিদ্যমান। এছাড়াও তথ্য প্রযুক্তি সহ নানা বিষয়ে রাশিয়ার সাথে বাংলাদেশের নিবিড় সম্পর্ক রয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র স্থাপন করে বাংলাদেশের বিদ্যুৎ উৎপাদনে রাশিয়ার অবদান স্মরণীয় হয়ে থাকবে। রেডিমেন্ট গার্মেন্টস্ রাশিয়ার বাজারে গুরুত্বপূর্ণ স্থানে রয়েছে। এছাড়াও চট্টগ্রাম থেকে রাশিয়ায় অসংখ্য শিক্ষার্থী লেখাপড়ার সুযোগ পাচ্ছে। মহান মুক্তিযুদ্ধের পর দেশ পূর্নগঠনে এবং বন্দর সচল করার ক্ষেত্রে রাশিয়ার অবদান বাংলাদেশ চিরদিন কৃতজ্ঞতার সাথে স্মরণে রাখবে। দীর্ঘ সময় চট্টগ্রামে কূটনৈতিক এর দায়িত্ব পালনকালীন সময়ে চট্টগ্রামস্থ রাশিয়ার কনসুল জেনারেল মান্যবর ওলেগ পি বয়কো (Mr. Oleg P. Boyko), এর সাথে চট্টগ্রামের মানুষের মধ্যে গভীর সম্পর্ক গড়ে উঠেছে। যা কোনদিন ভুলার নয়। অবসর জনিত কারণে বাংলাদেশ ছেড়ে গেলেও ওলেগ পি বয়কো বাংলাদেশের মানুষের

কথা স্মরণ করবে বলে মেয়র আশাবাদ ব্যক্ত করেন। বিদায়ী চট্টগ্রামস্থ রাশিয়ার কনসুল জেনারেল মান্যবর ওলেগ পি বয়কো (Mr. Oleg P. Boyko), বলেন, ১৮ বছর থেকে দু'বছর বাধ্যতামূলক সামরিক বাহিনীতে থাকাকালীন সময় থেকে তিনি বাংলাদেশ সম্পর্কে জানতে পারেন। তিনি চট্টগ্রামের মেয়রকে সাধুবাদ জানিয়ে বলেন, নানা প্রতিকূলতায় দায়িত্বপালন করে মেয়র আ জ ম নাছির উদ্দীন ইতোমধ্যে নগরবাসীর নজর কেড়েছেন। অসুস্থতা স্বত্বেও নিজ বাসভবনে তাঁকে সংবর্ধনা দেয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এতেই রাশিয়ার সাথে বাংলাদেশের চিরস্থায়ী বন্ধুত্বের গভীরতা প্রমানিত হয়। রাশিয়ার কনসুল জেনারেল তাঁর জীবনের বিচিত্র অভিজ্ঞতা বর্ণনা করে বলেন, তাঁর কূটনৈতিক জীবনের দীর্ঘ সময়ে ৩৭ বছর চাকুরী জীবনে ৬০ টি দেশ ঘুরে দেখেছেন। বাংলাদেশের চট্টগ্রামে আসার পূর্বে কানাডায় দায়িত্ব পালন করেন। বাংলাদেশে থেকে দায়িত্ব পালনকালীন সময়কে তাঁর জীবনে স্মরণীয় বলে অবহিত করেন। প্রসঙ্গক্রমে এ রাষ্ট্রদূত বলেন, ১৯৭১ সনে বাংলাদেশের স্বাধীনতা অর্জনে রাশিয়ার রাষ্ট্রপতি পুতিন এর অবদান সম্পর্কে তিনি জানতেন। তিনি বলেন, আজ থেকে ২৫ বছর পূর্বে রাশিয়া বিভক্ত হলেও তার শক্তি বিন্দু পরিমান কমেনি। পৃথিবীর জটিল পরিস্থিতিতে রাশিয়া ধৈর্যের সাথে পরিস্থিতি পর্যবেক্ষণ করে। কোন রাষ্ট্রের উপর রাশিয়ান নীতি চাপিয়ে দেয়া হয় না বা জবর দখল করার নীতিতে বিশ্বাস করে না। রাশিয়া পৃথিবীর বিপদগামী মানুষের পাশে থেকে সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। তিনি রূপপুর পারমানবিক বিদ্যুৎ কেন্দ্র প্রসঙ্গে বলেন এ বিদ্যুৎ কেন্দ্রে ১২ শত মেগাওয়াট বিদ্যুৎ উৎপন্ন হবে। ২০২২ সনের মধ্যে বাংলাদেশের এ প্ল্যান্টটি চালু হবে।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা